

# 🗏 আদ-দুখান | Ad-Dukhan | ٱلدُّخَان

আয়াতঃ ৪৪ : ৩৯

### 💵 আরবি মূল আয়াত:

# مَا خَلَقنْهُمَا إِلَّا بِالحَقِّ وَ لَكِنَّ آكَثَرَهُم لَا يَعلَمُونَ ﴿٣٩﴾

#### 🗚 অনুবাদসমূহ:

আমি এ দু'টোকে যথাযথভাবেই সৃষ্টি করেছি, কিন্তু তাদের অধিকাংশই তা জানে না। — আল-বায়ান আমি ওদু'টিকে সত্যিকার উদ্দেশ্যে সৃষ্টি করেছি। কিন্তু তাদের অধিকাংশই (তা) জানে না। — তাইসিরুল আমি এ দু'টি অযথা সৃষ্টি করিনি, কিন্তু তাদের অধিকাংশই এটা জানেনা। — মুজিবুর রহমান

We did not create them except in truth, but most of them do not know. —  $Sahih\ International$ 

৩৯. আমরা এ দু'টিকে যথাযথভাবেই সৃষ্টি করেছি, কিন্তু তাদের অধিকাংশই তা জানে না।

তাফসীরে জাকারিয়া

## (৩৯) আমি এ দুটিকে যথার্থরূপেই সৃষ্টি করেছি; [1] কিন্তু ওদের অধিকাংশই তা জানে না। [2]

- [1] যথাযথ বা যথার্থ উদ্দেশ্য এটাই যে, মানুষকে পরীক্ষা করা হবে এবং সংলোকদেরকে তাদের সংকর্মের প্রতিদান এবং অসৎ লোকদেরকে তাদের অসৎ কর্মের শাস্তি দেওয়া হবে।
- [2] অর্থাৎ, এই লক্ষ্ম ও উদ্দেশ্যের ব্যাপারে তারা উদাসীন ও বেখবর। যার কারণে আখেরাতের জন্য প্রস্তুতি গ্রহণ করার ব্যাপারে বেপরোয়া এবং পার্থিব সুখ-সামগ্রীর খোঁজেই সদা ব্যস্ত।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4453

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন